গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**ভূমি সংস্কার বোর্ডের জানুয়ারি, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২০ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১১: ০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) জনাব শ্রাবণী রায় কে আলোচ্যসূচিসমূহ সভায় উপস্থাপন করার আহ্বান জানান। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কোন সংশোধনী প্রস্তাব  না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | বাজেট ও অডিট আপত্তি | সভায় বাজেট ও অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। এতে উপ-ভূমি সংস্কার কমিশনার-২ সভাকে জানান যে, রাজস্ব অডিট অধিদপ্তর হতে ০৬টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। | অডিট আপত্তি যথা সময়ে দ্রুততার সাথে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ( অতিরিক্ত দায়িত্বঃ হিসাব রক্ষণ কর্মকর্তা)/ হিসাব শাখা |
| (২) | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন | (ক) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। চেয়ারম্যান মহোদয় ভূমি সংস্কার বোর্ডে যোগদানের পূর্বে ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন হিসাব আগামী সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) চেয়ারম্যান মহোদয় ভূমি সংস্কার বোর্ডে যোগদানের পূর্বে ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন হিসাব আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ |
| | | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে স্থানীয় হাট-বাজার পরিদর্শন  করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কালে স্থানীয় হাট-বাজার পরিদর্শন করতে হবে। | (খ+গ)<br>বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহে প্রাধিকার প্রাপ্ত গাড়ি কোন কোন সময়ে ছিল এবং কোন কোন সময়ে ছিল না, গাড়ি না থাকাকালীন সময়ে পরিদর্শন কিভাবে হতো এ সংক্রান্ত বিস্তারিত তথ্য আগামী ০৭ কর্মদিবসের মধ্যে চেয়ারম্যান বরাবর দাখিল করার জন্য তাগিদ প্রদান করা হয়। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহে প্রাধিকার প্রাপ্ত গাড়ি কোন কোন সময়ে ছিল এবং কোন কোন সময়ে ছিল না, গাড়ি না থাকাকালীন সময়ে পরিদর্শন কিভাবে হতো এ সংক্রান্ত বিস্তারিত তথ্য আগামী ০৭ কর্মদিবসের মধ্যে চেয়ারম্যান বরাবর দাখিল করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| (৩) | ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় | সভায় ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর/২০২৫ মাসে সকল (৬৪টি) জেলা প্রশাসকের কার্যালয় হতে ভূমি উন্নয়ন কর (সাধারণ+সংস্থা) এর দাবি ও আদায় সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে (drms.limslrb.com) Software এর মাধ্যমে অনলাইনে প্রাপ্ত ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়ের সারসংক্ষেপ নিম্নরূপ:<br>১। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>>সাধারণ<br>ক) বকেয়া = ৪৩৫,৮৯,৩৪,১৫৪ টাকা<br>খ) হাল = ৪৩০,৯৫,৪৩,৯৮৮ টাকা<br>মোট = ৮৬৬,৮৪,৭৮,১৪২ টাকা<br>২। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>> সংস্থা<br>ক) বকেয়া = ৪৫১,৮৩,২০,৫৮৯ টাকা<br>খ) হাল= ২০৫,১৪,৩০,৭২৪ টাকা<br>মোট= ৬৫৬,৯৭,৫১,৩১৩ টাকা<br>৩। ডিসেম্বর/২৫ মাসে ভূমি উন্নয়ন কর আদায়ের পরিমাণ:<br>ক) সাধারণ=৬৯,৯৮,০১,০০৫ টাকা<br>খ) সংস্থা = ৮,২৮,২২,৭০৭ টাকা<br>মোট =৭৮,২৬,২৩,৭১২ টাকা<br>৪। ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর/২৫ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের পুঞ্জিভূত আদায়:<br>ক) সাধারণ ৪৬৮,৮৭,৩৪,৭৫৩ টাকা<br>খ) সংস্থা = ৪০,১৪,০৮,৬৪৫ টাকা<br>সর্বমোট পুঞ্জিভূত আদায় (সাধারণ+সংস্থা)=৫০৯,০১,৪৩,৩৯৮টাকা।<br>৫। ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর/২৫ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট দাবি ১৫২৩,৮২,২৯,৪৫৫ (এক হাজার পাঁচশত তেইশ কোটি বিরাশি লক্ষ উনত্রিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকা।<br>৬। ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর/২৫ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট আদায় ৫০৯,০১,৪৩,৩৯৮ (পাঁচশত নয় কোটি এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত আটানব্বই) টাকা। | ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি এবং গত অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায়ের তুলনামূলক তথ্য উপস্থাপন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |
| (৪) | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ কার্যক্রম চলমান রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। | আইটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| (৫) | বিবিধ | (ক) মাঠ পর্যায়ে মিউটেশন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ই-মিউটেশন বাস্তবায়নকারী সংস্থা অটোমেশন-এর একজন প্রতিনিধি ভূমি সংস্কার বোর্ডের সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অটোমেশন-এর প্রকল্প পরিচালককে ০৬-০১-২০২৬ খ্রিঃ তারিখে ২১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। জানুয়ারি/২০২৬ মাসের মাসিক সমন্বয় সভায় কোন প্রতিনিধি উপস্থিত না হওয়ায় চেয়ারম্যান মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। আগামী সমন্বয় সভায় একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অটোমেশন-এর প্রজেক্ট ডিরেক্টরকে পুনরায় পত্র প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। | (ক) মাঠ পর্যায়ে মিউটেন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ই-মিউটেশন বাস্তবায়নকারী সংস্থা অটোমেশন-এর একজন প্রতিননিধি ভূমি সংস্কার বোর্ডের সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অটোমেশন-এর প্রজেক্ট ডিরেক্টরকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ |
| | | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহ হতে পত্র বিতরণ বাবদ প্রতি মাসে কত টাকার ডাক টিকেট ব্যবহার করা হয় তার হিসাব আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে মর্মে চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ( খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহ হতে পত্র বিতরণ বাবদ প্রতি মাসে কত টাকার ডাক টিকেট ব্যবহার করা হয় তার হিসাব আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (খ+গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের বিগত ০৫ বছরের গাড়ির জ্বালানী হিসাব আগামী ০৭ কর্মদিবসের মধ্যে চেয়ারম্যান বরাবর দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ বিগত ০৫ বছরের গাড়ির জ্বালানী হিসাব আগামী ০৭ কর্মদিবসের মধ্যে চেয়ারম্যান বরাবর দাখিল করবেন। | |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(ঘ) সভায় মাঠ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনার, জেলা পর্যায়ের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক এবং ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শনের ফলোআপ বিষয়ে আলোচনা হয়। ভূমি সংস্কার বোর্ডের কর্মবন্টন অনুসারে শাখা ভিত্তিক দায়িত্ব নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র. নং</th><th>শাখা</th><th>দায়িত্ব</th></tr>
<tr><td>১.</td><td>শাখা -৩</td><td>ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জেলা প্রশাসক ও অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ।</td></tr>
<tr><td>২.</td><td>শাখা -৪</td><td>রাজশাহী ও রংপুর বিভাগের জেলা প্রশাসক ও অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ।</td></tr>
<tr><td>৩.</td><td>শাখা -৫</td><td>চট্টগ্রাম ও সিলেট বিভাগের জেলা প্রশাসক ও অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিদর্শন<br>ড় প্রতিবেদন পরিবীক্ষণ। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন পরিবীক্ষণ।</td></tr>
<tr><td>৪.</td><td>শাখা -৬</td><td>খুলনা ও বরিশাল বিভাগের জেলা প্রশাসক ও অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) গণের পরিদর্শন প্রতিবেদন পরিবীক্ষণ। ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন পরিবীক্ষণ।</td></tr>
</table>
মাঠ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনার, জেলা পর্যায়ের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক এবং ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদনের ফলোআপ তৈরী করে আগামী সমন্বয় সভায় শাখা ভিত্তিক উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>(ঘ) মাঠ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনার, জেলা পর্যায়ের জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক এবং ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদনের ফলোআপ তৈরী করে আগামী সমন্বয় সভায় শাখা ভিত্তিক উপস্থাপন করতে হবে।</td>
<td>(ঘ)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩/৪/৫/৬</td>
</tr>
</table>

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল ও জনবান্ধব করার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-০১-২০২৬
এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী
চেয়ারম্যান
ফোন : ০২৪১০১০৪৪৩
ইমেইল : chairman@lrb.gov.bd

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩.১১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)।
৪। সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৮। প্রশাসনিক কর্মকর্তা, (সকল),
।

৩১-০১-২০২৬
শ্রাবণী রায়
সহকারী ভূমি সংস্কার কমিশনার